Lens Asia

৪ জুন, ২০২৬

# জিয়ার আদর্শের পথেই এগোচ্ছে বিএনপি: মির্জা ফখরুল



মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

নির্বাচনের আগে জামায়াতের পক্ষে বড় ধরনের প্রচারণা ছিল বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তবে শেষ পর্যন্ত জনগণ বিএনপিকেই বেছে নিয়েছে বলে জানান তিনি।

বৃহস্পতিবার (৪ জুন) সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান-এর ৪৫তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে পিআইবিতে আয়োজিত এক আলোচনা সভায় এসব কথা বলেন তিনি।

ফখরুল বলেন, বিএনপি এমন একটি রাজনৈতিক পরিবেশ চায় যেখানে সব মতের মানুষ কথা বলতে পারবে। জিয়াউর রহমানও রাজনীতিতে বিভেদ নয়, বরং সবাইকে সঙ্গে নিয়ে চলার চেষ্টা করেছিলেন।

তিনি আরও বলেন, বাংলাদেশকে কোনো দেশের প্রভাবের মধ্যে রাখতে চাননি জিয়া। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে তিনি সবসময় দৃঢ় ছিলেন।

বিএনপি মহাসচিবের দাবি, জুলাইয়ের গণঅভ্যুত্থানের পর দেশের রাজনীতিতে নতুন বাস্তবতা তৈরি হয়েছে। আর তারেক রহমান সেই পথ ধরেই এগিয়ে যাচ্ছেন।

LENS ASIA